



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

সিডিএ এডিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
www. bise-ctg.gov.bd



স্মারক নম্বর- চশিবো/বিদ্যা:/বিজ্ঞপ্তি/১৫/২০১৩/২৫৩(২)

তারিখ : ০৩/০৬/২০২৪ খ্রিঃ

২০২৪ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ এবং ৮ম শ্রেণি চালুকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধানগণ এবং সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে, ২০২৪ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত ফি, সময়সূচি ও নির্দেশাবলী নিম্নে দেয়া হল।

১। ফি এর হার (প্রতি শিক্ষার্থী) :

রেজিস্ট্রেশন ফি	বিলম্ব রেজিঃ ফি	রেডক্রিসেন্ট ফি	মোট ফি (বিলম্ব রেজিঃ ফি ব্যতীত)	মোট ফি (বিলম্ব রেজিঃ ফিসহ)
৫০/-	৫০/-	২৪/-	৭৪/-	১২৪/-

বিঃ দ্রঃ : শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৪৪. ০২২.১৭.৪৩৬ স্মারক অনুযায়ী ৮ম শ্রেণির রেজিস্ট্রেশন কার্যক্রমের সময় শিক্ষার্থীদের কাছ থেকে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে আদায়কৃত মোট রেডক্রিসেন্ট ফি (২০+২০+২০) = ৬০ (ষাট) টাকার ৬০% অর্থাৎ ৩৬/- (ছত্রিশ) টাকা নিজ প্রতিষ্ঠানের যুব রেড ক্রিসেন্ট এর একাউন্টে বিবিধ কার্যক্রম পরিচালনার জন্য সংরক্ষণ করবে। অবশিষ্ট ৪০% অর্থাৎ ২৪/- (চব্বিশ) টাকা শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তির সময় প্রতি শিক্ষাবর্ষে ২০/- (বিশ) টাকা হারে রেড ক্রিসেন্ট ফি সংগ্রহ করবে এবং ৮ম শ্রেণিতে রেজিস্ট্রেশনের সময় একত্রিত ও সমন্বয় করে নিজ একাউন্ট-এ সংরক্ষণ ও বোর্ডকে প্রদান করবে।

২। eSIF পূরণ (রেজিস্ট্রেশন) ও টি.টি (T.T) করার সময়সূচি :

১। eSIF পূরণ ও টি.টি (T.T) করার তারিখ : ০৫/০৬/২০২৪ হতে ০৭/০৭/২০২৪ পর্যন্ত
২। বিলম্ব ফিসহ eSIF পূরণ ও টি.টি (T.T) করার তারিখ : ০৯/০৭/২০২৪ হতে ১৭/০৭/২০২৪ পর্যন্ত
৩। অনলাইনে শিক্ষার্থীদের তথ্য সংক্রান্ত ভুলত্রুটি সংশোধনের তারিখ : ১৮/০৭/২০২৪ হতে ২২/০৭/২০২৪ পর্যন্ত।
৪। শিক্ষার্থী ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরযুক্ত eSIF প্রিন্ট আউট সরাসরি জমাদানের তারিখ : ২৭/০৭/২০২৪ হতে ০১/০৮/২০২৪।

৩। অনলাইনে রেজিস্ট্রেশন করার জন্য বোর্ডের ওয়েবসাইটে ([www. bise-ctg.gov.bd](http://www.bise-ctg.gov.bd)) প্রবেশ করে class-viii esif কর্ণারে ক্লিক করে নির্দেশনা অনুযায়ী eSIF পূরণ করতে হবে।

৪। শিক্ষার্থীদের ফি সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে হিসাব নং- SND-59, সোনালী ব্যাংক, বহদুরহাট শাখা, চট্টগ্রাম বরাবর নির্ধারিত সময়ে সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে (বহদুরহাট শাখা ব্যতীত) টি.টি করতে হবে। যতজন শিক্ষার্থীর eSIF পূরণ করা হবে ঠিক ততজন শিক্ষার্থীর টি.টি করতে হবে। কোন অবস্থাতেই টি টি করা শিক্ষার্থীর সংখ্যা থেকে অতিরিক্ত কোন শিক্ষার্থীর eSIF পূরণ করা যাবে না। এ ছাড়াও উক্ত হিসাবের অনুকূলে বিকাশ, রকেট, ইসলামী ব্যাংক, টি-ক্যাশ, শিওর ক্যাশ, নগদ, ডিবিএল নেক্সাস পে, ভিসা, মাস্টার কার্ড অনলাইন পেমেন্ট সিস্টেম এর মাধ্যমে নির্ধারিত ফি প্রদান করা যাবে।

৫। ১ জানুয়ারী, ২০২৪ তারিখে শিক্ষার্থীর ন্যূনতম বয়স ১১+ এবং ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে সর্বোচ্চ ১৭ বছর তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২২ বছর।

৬। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে 'বিশেষ চাহিদাসম্পন্ন কি না' তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

৭। eSIF পূরণ করার সময় শিক্ষার্থীর পিতা ও মাতার নামের পূর্বে মিঃ, মিসেস, মৃত, মরহুম, মেজর, কর্ণেল, ব্রিগেডিয়ার, মৌলভী, ডাঃ, ইঞ্জিনিয়ার, প্রফেসর, ড., শ্রীযুক্ত, আলহাজ্ব ইত্যাদি এবং নামের শেষে বি,এ, এম,এ এফআরসিএস ইত্যাদি পরিহার করতে হবে।


৮। নিজ প্রতিষ্ঠানে ভর্তিকৃত ও অধ্যয়নরত শিক্ষার্থী ছাড়া অন্য কোন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণসহ প্রতিষ্ঠানের স্বীকৃতি/পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।

৯। যে কোন বিদ্যালয় সর্বমোট ৫০০ (পাঁচশত) এর অধিক শিক্ষার্থী রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে।

১০। ভর্তি বহির্ভূত কোন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন করা হয়নি মর্মে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।


১১। রেজিস্ট্রেশনের ক্ষেত্রে শিক্ষার্থীদের নাম, পিতার নাম, মাতার নাম অবশ্যই ইংরেজিতে লিখতে হয় বিধায় প্রতিষ্ঠান প্রধানদের শিক্ষার্থীদের সকল তথ্য বাংলার পাশাপাশি ইংরেজিতে সঠিকভাবে সংগ্রহ করে অনলাইনে ডাটা এন্ট্রি করার জন্য নির্দেশনা প্রদান করা হল।

১২। শিক্ষার্থীদের সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করতে হবে। উল্লেখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করাতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোন সমস্যা হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। এ ক্ষেত্রে বোর্ড কর্তৃপক্ষকে কোন অবস্থাতেই দায়ী করা যাবে না।


(ড. বিপ্লব গাঙ্গুলী)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম


৪/৬/২০২৪